



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

শেখ হাসিনাই রূপকার  
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

নং- পসব্য/প্রকা/পরি-০৯/২০১৭-১৮/ ১১৬৩

তারিখ : ২৯.১০.২০১৭ খ্রিঃ

উপজেলা সমন্বয়কারী

একটি বাড়ি একটি খামার প্রকল্প

ও

শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা

নির্দেশিকা-১০

### বিষয় : ঋণ প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। দারিদ্র্য বিমোচন তথা সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে “একটি বাড়ি একটি খামার” প্রকল্পকে স্থায়ী প্রাতিষ্ঠানিক রূপদান করে বিশেষায়িত এই “পল্লী সঞ্চয় ব্যাংক” প্রতিষ্ঠা করা হয়। ইতোমধ্যে পল্লী সঞ্চয় ব্যাংকের ১৪৩টি শাখা অনলাইনে পরিচালিত হচ্ছে এবং এ সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। আগামী ডিসেম্বর, ২০১৭ এর মধ্যে প্রতিটি উপজেলাতেই অবস্থিত ৪৮৫টি শাখা অনলাইনের আওতায় নিয়ে আসার পরিকল্পনা রয়েছে এবং সে মোতাবেক কার্যক্রম অব্যাহত রয়েছে।

০৩। উল্লেখ্য আপাততঃ প্রকল্পের ৩০.০৬.২০১৬ তারিখ পর্যন্ত গঠিত সমিতিসমূহ নিয়ে পল্লী সঞ্চয় ব্যাংক কাজ করছে। ব্যাংকের শাখাসমূহের আওতাধীন সংশ্লিষ্ট সমিতিসমূহের কিছু কিছু সদস্যের নিকট থেকে প্রতিনিয়ত এই মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, ঋণের টাকা পরিশোধ করা সত্ত্বেও ব্যাংক থেকে সময়মত তারা ঋণ পাচ্ছেননা। বিভিন্ন কারণ দেখিয়ে কালক্ষেপণ করা হচ্ছে। ঋণের জন্য একাধিক বার ব্যাংক শাখায় ঘুরাঘোরি করতে হচ্ছে এবং এতে করে সময় ও অর্থের অপচয় ঘটছে যা ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে। সদস্যদের প্রতি শাখাসমূহের এ ধরনের অসহযোগিতামূলক আচরণ ও কর্মকাণ্ড ব্যাংকের উপর তাদের বিরূপ মনোভাবের সৃষ্টি করবে যা কোন অবস্থাতেই কাম্য হতে পারেনা।

০৪। চলতি ২০১৭-১৮ অর্থ বৎসরে সেপ্টেম্বর, ২০১৭ ত্রৈমাসিক ভিত্তিক ব্যাংকের শাখাসমূহের তথ্যাদি পর্যালোচনা করে প্রতীয়মান হয় বেশ কিছু শাখা বিগত ৩ (তিন) মাসে কোন ঋণ বিতরণ করেনি। অপরদিকে শাখাসমূহের ঋণ আদায় অবস্থাও হতাশাব্যঞ্জক। মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বিষয়টি কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন করা হলে কর্তৃপক্ষ এ ব্যাপারে গভীর অসন্তোষ প্রকাশ করেছেন। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি ব্যাংকের শাখাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণ তাদের উপর অর্পিত স্ব-স্ব দায়িত্ব সঠিকভাবে পরিপালন করলে অবশ্যই শাখাসমূহের সামগ্রিক অবস্থার উন্নতি ঘটবে। কেননা ব্যাংকের শাখাসমূহ হচ্ছে সকল কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু।

০৫। এমতাবস্থায়, কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনাদেরকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলে :

(ক) ঋণের আবেদনপত্র দ্রুত নিষ্পত্তি করতে হবে।

(খ) ঋণের টাকা পরিশোধান্তে পুনঃঋণের জন্য আবেদনকারীদের সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে।

(গ) শাখার মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় করে ঋণ বিতরণ কার্যক্রম চলমান রাখতে হবে। অতিরিক্ত তহবিলের প্রয়োজন হলে যথাসময়ে প্রধান কার্যালয়ে চাহিদাপত্র প্রেরণ করতে হবে।

(ঘ) ঋণযোগ্য তহবিল সৃষ্টির লক্ষ্যে শাখার বিদ্যমান মেয়াদোত্তীর্ণ ঋণ দ্রুত কমিয়ে আনতে হবে এবং নতুন করে কোন ঋণ যাতে মেয়াদোত্তীর্ণ না হয় সে বিষয়ে সর্বদা সচেতন থাকতে হবে।

(ঙ) ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের উপর শাখা প্রধান যথাযথ তদারকি ও তত্ত্বাবধান বজায় রাখবেন এবং তাদের কার্যক্রম নিয়মিতভাবে পর্যালোচনা ও মনিটরিং করবেন।

আপনার বিশ্বাস

( মোঃ খাইরুল কবির )

উপব্যবস্থাপনা পরিচালক

ফোন নং ৫৫১৩৮৫৫৯

[headoffice@pallisanchaybank.gov.bd](mailto:headoffice@pallisanchaybank.gov.bd)

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. অফিস কপি।